যে কারণে সিনেমা ছাড়লেন বুবলী

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: সিনেমা ছাড়লেন বুবলী- গত সপ্তাহে রাজধানীর একটি অভিজাত হোটেলে জমকালো আয়োজনের মধ্য দিয়ে মহরত অনুষ্ঠিত হয় শাকিব খান ও শবনম বুবলীর নতুন সিনেমা ‘একটি প্রেম দরকার মাননীয় সরকার’র। এর পরিচালক শাহীন সুমন।

কিন্তু হুট করেই সিনেমাটি ছাড়ার ঘোষণা দিলেন নায়িকা বুবলী। মাত্র এক সপ্তাহের মাথায় ছবিটি করছেন না বলে জানালেন ‘সুপারহিরো’খ্যাত এই তারকা।

বুবলী বলেন, বিশেষ কোনও কারণ নেই। একই প্রযোজনা প্রতিষ্ঠানের আরেকটি সিনেমায় কাজ করবো। তাই আপাতত এই সিনেমাটিতে কাজ করছি না।

শাকিব খান ও শবনম বুবলী অন্য সিনেমাটি সম্পর্কে জানতে চাইলে বুবলী বলেন, এই সিনেমা নিয়ে অনেক আগে থেকে কথা হচ্ছিল। তবে এখনো নাম বা পরিচালক ঠিক হয়নি। খুব শিগগিরই সবাইকে বিস্তারিত জানাবো।

এদিকে বুবলীর সিনেমা ছাড়ার বিষয়টি জানেন না বলে মন্তব্য করেছেন শাহীন সুমন।

এই নির্মাতা বলেন, বুবলীর সিনেমা ছাড়ার বিষয়টি আমি শুনেছি। তবে আমাকে এখনো আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি।

‘একটি প্রেম দরকার মাননীয় সরকার’সিনেমাটি প্রযোজনা করছে শাপলা মিডিয়া। একই প্রযোজনা প্রতিষ্ঠানের ‘ক্যাপ্টেন খান’সিনেমার শুটিংয়ে ব্যস্ত সময় পার করছেন শাকিব-বুবলী।

নিউজবিডি৭১/আর/০৫ জুলাই, ২০১৮